



## নিয়োগ বিজ্ঞপ্তি

মোংলা বন্দরে কর্মরত শ্রমিকদের শ্রম কল্যাণমূলক কার্যক্রম ও তহবিল পরিচালনা কমিটি কর্তৃক বেসরকারী ভাবে পরিচালিত “মোংলা বন্দর শ্রমিক কল্যাণ হাসপাতাল” এ নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

নং	পদের নাম	পদের সংখ্যা	২৫/১১/১৯ তারিখে বয়স (বছর)	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা	বেতন
১	মেডিকেল অফিসার	০১	৪৫ বৎসর (অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।	১। এক বৎসরের ইন্টানী ট্রেনিংসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রী। ২। বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে।	আলোচনা সাপেক্ষ
২	মেডিকেল এ্যাসিস্ট্যান্ট	০১	৪৫ বৎসর (অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট প্রাপ্ত এবং মেডিকেল এ্যাসিস্ট্যান্ট কোর্স সনদ পরীক্ষায় উত্তীর্ণ।	আলোচনা সাপেক্ষ
৩	ওয়ার্ড বয়	০১	৩০ বৎসর	অষ্টম শ্রেণী পাস।	আলোচনা সাপেক্ষ
৪	পরিচ্ছন্ন কর্মী	০১	৩০ বৎসর	অষ্টম শ্রেণী পাস।	আলোচনা সাপেক্ষ

### শর্তাবলিঃ

১। আবেদন শুরুর তারিখ-২৫/১১/১৯ এবং আবেদনের শেষ তারিখ-১০/১২/১৯।

আবেদনের ঠিকানা: পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।

এবং

আইবায়ক, মোংলা বন্দর শ্রম কল্যাণমূলক কার্যক্রম ও তহবিল পরিচালনা কমিটি, মোংলা, বাগেরহাট।

২। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদ (যদি থাকে) ও এক কপি ফটোকপি, তিন কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (যদি থাকে), সরকারি গেজেটেড প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/ সিটি করপোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র সাক্ষাতকারের সময় সঙ্গে আনতে হবে।


৩। আবেদনের সাথে “শ্রমিক কল্যাণ তহবিল” শিরোনামে ১, ২ নং ক্রমিকের ক্ষেত্রে ৫০০/- টাকার এবং ৩,৪ নং ক্রমিকের ক্ষেত্রে ১০০/- টাকার ব্যাংক ড্রাফট ও ১ কপি ছবি সংযুক্ত করতে হবে।

৪। যোগ্য প্রার্থীদের লিখিত/ সাক্ষাতকারের স্থান, তারিখ, সময় সূচী টেলিফোনে, পত্রের মাধ্যমে জানানো হবে।

৫। সরকারি ও অন্যান্য সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। দরখাস্তে বর্ণিত কোন সনদ পত্র, প্রত্যয়ন পত্র ও তথ্যাদি অসত্য প্রমাণিত হলে দরখাস্ত বাতিলসহ ঐ দরখাস্তকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন / বাতিলের ক্ষমতা কমিটি সংরক্ষণ করে।

  
মোঃ গিয়াস উদ্দিন

পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।

এবং

আইবায়ক, মোংলা বন্দর শ্রম কল্যাণমূলক কার্যক্রম ও  
তহবিল পরিচালনা কমিটি, মোংলা, বাগেরহাট।